যুব বার্তা

ত্রৈমাসিক সংবাদ সাময়িকী

যুব উন্নয়ন অধিদপ্তর

জুলাই - সেপ্টেম্বর ২০১৪ — ২৯তম সংখ্যা

৩৯তম জাতীয় শোকদিবস পালন

জাতীয় শোকদিবস ২০১৪ উপলক্ষে আয়োজিত স্মরণ সভায় যুবঋণের চেক বিতরণ করছেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার, এমপি

জাতীয় শোকদিবস ২০১৪ উদযাপন উপলক্ষে ১৪ আগস্ট যুব উন্নয়ন অধিদপ্তর প্রধান কার্যালয় এর সম্মেলন কক্ষে সকাল ৯-টায় মহাপরিচালক আনোয়ারুল করিম এর সভাপতিত্বে "বঙ্গবন্ধু ও বাংলাদেশ" শীর্ষক আলোচনা সভা, খতমে কোরআন, দোয়া-মাহ্‌ফিল ও বঙ্গবন্ধুর জীবনী নিয়ে ভিডিও ও আলোকচিত্র প্রদর্শনী এবং স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপমন্ত্রী আরিফ খান জয়, এম পি এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব নূর মোহাম্মদ। এছাড়াও মন্ত্রণালয় ও অধিদপ্তরের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানের ১ম পর্বে বঙ্গবন্ধুর জীবনী নিয়ে তৈরী ভিডিও চিত্র ও অধিদপ্তরের ইয়ুথ কর্ণারে আলোকচিত্র প্রদর্শন এবং স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির আয়োজন করা হয়। আলোচনা শেষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর সাথে শাহাদাৎ বরণকারী বেগম ফজিলাতুন্নেছা মুজিবসহ সকল শহীদ সদস্যদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।
অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং শোকদিবস উদ্‌যাপন কমিটির আহ্বায়ক, মোহাম্মদ শফিকুল করিম।

প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার বঙ্গবন্ধুর আত্মার মাগফেরাত কামনা করে বলেন বঙ্গবন্ধু একটি ইতিহাস যার বিকল্প নেই। এদেশের স্বাধীনতা বাস্তবায়নের জন্যই বঙ্গবন্ধুর জন্ম হয়েছিল। এ জাতিকে স্বাধীনতার গন্তব্যস্থলে পৌঁছাতে তিল তিল করে প্রস্তুত করতে হয়েছিল, আর এই প্রস্তুতি গ্রহণ করেছিলেন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি আরও বলেন বঙ্গবন্ধুর যোগ্য কন্যা শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে এবং ২০২১ সালের মধ্যে বাংলাদেশ মধ্যম আয়ের দেশে পরিণত হবে। বাংলাদেশকে আমরা কাঙ্খিত লক্ষ্যে এগিয়ে নিয়ে যাবো। প্রধান অতিথি আরও বলেন বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলার আধুনিক রূপায়ণ হচ্ছে ডিজিটাল বাংলাদেশ।

উপমন্ত্রী আরিফ খান জয় এমপি বলেন, বঙ্গবন্ধুর জন্য স্বাধীনতা পেয়েছি বলেই আমরা আজ ৪৩ বছর পর আধুনিক প্রযুক্তির বাংলাদেশে আসতে পেরেছি। তিনি বলেন অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর যেভাবে কাজ করছে তা অব্যাহত রাখতে হবে। বঙ্গবন্ধুর যোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে অচিরেই আমরা মধ্যম আয়ের দেশে পরিণত হব।

ভেতরের পাতা

* দেশজুড়ে জাতীয় শোকদিবস পালন - ২-৪ পৃঃ
* প্রধান কার্যালয়ে আন্তর্জাতিক যুবদিবস পালন - ৪-৫ পৃঃ
* সারাদেশে আন্তর্জাতিক যুবদিবস পালন - ৫-৬ পৃঃ
* বি,সি,এস ক্যাডার অফিসারদের সাথে মতবিনিময় সভা - ৬ পৃঃ
* যুব মতবিনিময় সভা ও কর্মশালা - ৭ পৃঃ
* ফুলচাষ বিষয়ক প্রশিক্ষণের সাটিফিকেট বিতরণ - ৭ পৃঃ
* ঢাকা ইয়ুথ সার্কেল ওয়েলফেয়ার অর্গাঃ কর্তৃক সাদা ছড়ি ও ইফতার বিতরণ - ৭ পৃঃ
* মহাপরিচালকের যোগদান - ৮ পৃঃ
* প্রকল্প পরিচালকের বিদায় সম্বর্ধনা - ৮ পৃঃ
* যুব পরিবারের সাফল্য কথা - ৮ পৃঃ
* সফল আত্মকর্মীর কাহিনী - ৮ পৃঃ
* অনুপ্রেরণামূলক কবিতা-হে যুবক ৮ পৃঃ

যুববার্তা'র উৎকর্ষতার জন্য আপনার পরামর্শ, তথ্য ও ছবি প্রেরণের ঠিকানা:
উপ-পরিচালক (প্রকাশনা ও আত্মকর্ম)
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ই-মেইল ঃ publication79@yahoo.com
ওয়েব সাইট ঃ www.dyd.gov.bd

প্রকাশনায়:
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ই-মেইল ঃ publication79@yahoo.com
ওয়েব সাইট ঃ www.dyd.gov.bd

মুদ্রণে: বিজি প্রেস
তেজগাঁও, ঢাকা

(১ম পৃষ্টার পর)

বিশেষ অতিথি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব নূর মোহাম্মদ বলেন বঙ্গবন্ধু ছিলেন একজন ক্যারিজম্যাটিক লিডার। তাঁর হাঁটাচলা-বলা, কণ্ঠস্বর সবকিছু মিলে তিনি প্রকৃত অর্থে মহান নেতা যিনি সর্বত্র গ্রহণযোগ্য ছিলেন। বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়ন করতে গেলে সকলকে আন্তরিকতার সাথে অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে কাজ করতে হবে। তিনি আরো বলেন মহান নেতার আর্দশ লালন-পালন করাই আমাদের কাজ।

সভাপতির বক্তব্যে যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিম বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শহীদ সদ্যস্যদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন বঙ্গবন্ধুর আদর্শকে অনুসরণ করে আমাদেরকে সোনার বাংলা গড়ে তুলতে হবে। সে লক্ষ্য অর্জনে যুব উন্নয়ন অধিদপ্তরের অনেক ভূমিকা রয়েছে। সবাইকে টীম স্পিরিট নিয়ে কাজ করে অভিষ্ট লক্ষ্যে পৌছাতে হবে। তিনি বঙ্গবন্ধুকে চিরঞ্জীব বলে আখ্যায়িত করেন।

এছাড়া দিবসের উপর আলোচনা করেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কল্যাণ সমিতির সভাপতি আবুল কালাম আজাদ, ক্রেডিট সুপার ভাইজার কল্যাণ সমিতির সভাপতি এস,এম জসীম উদ্দিন, যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মচারী লীগের সভাপতি আবুল কালাম আজাদ, অফিস সহকারী কল্যাণ সমিতির সভাপতি শাহজাহান ভুইয়া, চতুর্থ শ্রেণী কল্যাণ সমিতির সভাপতি মোঃ কুদ্দুস আলী এবং গাড়ীচালক সমিতির সভাপতি বাবুল মিয়া। বক্তাগণ বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবনের উপর আলোকপাত করেন।

অনুষ্ঠানে ৫৬ জন যুবক ও যুবমহিলাকে ২৪ লক্ষ ১৪ হাজার টাকার ঋণের চেক ও ১০ জন প্রশিক্ষণার্থীকে সনদপত্র প্রদান করা হয়। দিবসটি পালন উপলেক্ষে যুব উন্নয়ন অধিদপ্তরাধীন সকল জেলা ও উপজেলা কার্যালয়েও ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয় এবং সারাদেশে ১১০০জন যুবক ও যুবমহিলার মধ্যে ১২ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়। এছাড়া যুবভবনের সম্মেলন কক্ষে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির অয়োজন করা হয়।

যুব উন্নয়ন অধিদপ্তর কর্মচারী লীগের শোক সভায় বক্তব্য রাখছেন যুব ও ক্রীড়া উপ-মন্ত্রী আরিফ খান জয়, এমপি।

দেশজুড়ে জাতীয় শোকদিবস পালন

গাজীপুর (সদর) ঃ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৩৯ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে যুব উন্নয়ন অধিদপ্তর গাজীপুর জেলা কার্যালয় ও সদর উপজেলা কার্যালয়ের যৌথ উদ্যোগে কোরানখানি, আলোচনা সভা, সনদপত্র, ঋণ ও গাছের চারা বিতরণ কর্মসূচি গ্রহণ করা হয়। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ মনসুরুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ও সংসদ সদস্য গাজীপুর-২ মোঃ জাহিদ আহসান রাসেল এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপপরিচালক (চঃদাঃ) এস এম ইমদাদুল হক, সদর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতাউল্যাহ মন্ডল, সমাজ কল্যাণ সম্পাদক এ, কে, এম নাছির উদ্দিন এবং সহকারী কমিশনার (ভূমি)। অনুষ্ঠানে ৪,৩৫০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। উল্লেখ্য যে, জাতীয় শোকদিবস উপলক্ষে গাজীপুর জেলাধীন ০৫ টি উপজেলায় সর্বমোট ২০,৪৩,০০০/- (বিশ লক্ষ তেতাল্লিশ হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়।

গাজীপুরে আয়োজিত জাতীয় শোক দিবসে আলোচনা সভায় বক্তব্য রাখছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ও সংসদ সদস্য গাজীপুর-২ মোঃ জাহিদ আহসান রাসেল, এমপি।

জয়পুরহাট ঃ ১৫ আগস্ট জাতীয় শোকদিবস ও বঙ্গবন্ধুর ৩৯ তম শাহাদাৎ বার্ষিকী পালন উপলক্ষে জয়পুরহাট জেলায় ৯৫ জন প্রশিক্ষিত যুবক ও যুব মহিলার মধ্যে ৩৫,৩৮,০০০/- (পঁয়ত্রিশ লক্ষ আটত্রিশ হাজার) টাকার ঋণের চেক বিতরণ করা হয়। জেলা প্রশাসক মোহাম্মদ ইয়াছিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় সংসদ সদস্য জয়পুরহাট-১ এ্যাডঃ সামছুল আলম দুদু। বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদ প্রশাসক এস এম সোলায়মান আলী ও পুলিশ সুপার মোঃ হামিদুল আলম। এছাড়াও রাজনৈতিক নেতৃবৃন্দ, সরকারি ও বেসরকারি পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারী; যুব সংগঠক ও প্রশিক্ষিত যুবক ও যুবমহিলাগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। পরিশেষে জাতীয় শোকদিবস উপলক্ষে জাতির পিতা ও তাঁর পরিবারের শহীদ সদস্যদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয় ।

বরগুনা ঃ বরগুনা জেলা ও জেলা কার্যালয়াধীন সদর উপজেলা কার্যালয়ের সমন্বয়ে ১৫ আগস্ট জাতীয় শোকদিবস পালন উপলক্ষে শোক র‌্যালী, আলোচনা সভা ও ঋণ বিতরণ কর্মসূচি পালন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য, বরগুনা-১, এ্যাডভোকেট ধীরেন্দ্র দেবনাথ শম্ভু। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মীর জহুরুল ইসলাম। দিনের প্রারম্ভেই প্রধান অতিথির নেতৃত্বে প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, উপজেলা চেয়ারম্যান, রাজনৈতিক নেতৃবৃন্দ, যুব সংগঠনের প্রতিনিধিবৃন্দ, সফল আত্মকর্মী, প্রশিক্ষিত যুবক ও যুবমহিলা ও এলাকার গণ্যমান্য ব্যাক্তিবর্গের অংশগ্রহণে শোক র‌্যালী করা হয়। অতঃপর দোয়া মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে প্রধান অতিথি বরগুনা সদর উপজেলার প্রশিক্ষণপ্রাপ্ত ০৯ জন যুবক ও ০৩ জন যুবমহিলার মাঝে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার ঋণের চেক বিতরণ করেন। উল্লেখ্য যে, জাতীয় শোকদিবস উপলক্ষে বরগুনা জেলার আওতাধীন ০৫ টি উপজেলায় ৩৭ জন বেকার যুবক ও ৩৪ জন যুবমহিলার মধ্যে সর্বমোট ২৬,২৫,০০০/- টাকার ঋণের চেক বিতরণ করা হয়।

বরগুনা সদর উপজেলা কার্যালয়ে জাতীয় শোকদিবস অনুষ্ঠানে এ্যাডভোকেট ধীরেন্দ্রনাথ শম্ভু, সংসদ সদস্য, বরগুনা-১ এর উপস্থিতিতে ঋণের চেক বিতরণ করা হয়

সিরাজগঞ্জ (কাজিপুর)ঃ ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৩৯তম শাহাদাৎ বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে সিরাজগঞ্জ জেলায় আলোচনাসভা, দোয়ামাহফিল ও ঋণ বিতরণ কর্মসূচি গ্রহণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক সংসদ সদস্য, ৬২-সিরাজগঞ্জ-১ প্রকৌশলী তানভীর শাকিল জয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাজিপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান অধ্যক্ষ মোজাম্মেল হক সরকার, ভাইস চেয়ারম্যান সাইফুল ইসলাম ও মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ সুলতানা হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজিপুর মোঃ সফিউল ইসলাম। এ ছাড়াও স্থানীয় আওয়ামীলীগ নেতৃবৃন্দ, বিভিন্ন অফিসের কর্মকর্তাবৃন্দ, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্র-ছাত্রীবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। সভায় দুজন প্রশিক্ষিত যুবককে ১ম দফায় ৪০,০০০/- করে ৮০,০০০/- টাকা যুবঋণের চেক বিতরণ করা হয়।

যুবঋণের চেক বিতরণ করছেন প্রকৌশলী তানভীর শাকিল জয়
সাবেক সংসদ সদস্য, ৬২-সিরাজগঞ্জ-১

রাজবাড়ি (পাংশা) ঃ জাতীয় শোকদিবস পালন উপলক্ষে রাজবাড়ি জেলাধীন পাংশা উপজেলা কর্তৃক অয়োজিত যুবঋণ বিতরণ অনষ্ঠানে রাজবাড়ি-২ আসনের এম,পি মোঃ জিলুল হাকিম বক্তব্য রাখেন। তিনি বলেন মৎস্যচাষ, পশু পালন, ইলেকট্রনিক্সসহ বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ নিয়ে বেকার যুবরা একদিকে যেমন বেকারত্ব দূর করছে তেমনি অপরদিকে প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগিয়ে বিভিন্ন প্রকল্প গ্রহণ করে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ আমিনুল ইসলাম খান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সভায় বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ ফরিদ হাসান ওদুদ, ভাইস চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মুন্সী নাদের হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা আহমেদ ও পাংশা থানার ওসি মোহাম্মদ আবুল বাশার মিয়া। স্বাগত বক্তব্য রাখেন উপজেলা যুব উন্নয়ন অফিসার শ্যামল কুমার বিশ্বাস। বক্তাগণ ঋণের টাকা যথাযথ প্রকল্পের মাধ্যমে ব্যয় করে স্বাবলম্বী হওয়ার জন্য আহ্বান জানান। অনুষ্ঠানে ১৫ জন যুবক ও যুবমহিলার মধ্যে ৮ লক্ষ ২০ হাজার টাকা ঋণ বিতরণ করা হয়। উলেখ্য যে, ১৫ আগস্ট জাতীয় শোকদিবস উপলক্ষে রাজবাড়ি জেলার আওতাধীন ০৫ টি উপজেলায় ৩৬ জন প্রশিক্ষিত যুবর মধ্যে ১৭,৬০,০০০/- টাকা যুবঋণ বিতরণ করা হয়।

১৫ আগস্ট জাতীয় শোক দিবসে যুব ঋণ বিতরণ করছেন
পাংশা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ ফরিদ হাসান ওদুদ

চুয়াডাংগা ঃ জাতীয় শোকদিবস উদযাপন উপলক্ষে চুয়াডাংগা জেলা কার্যালয়ের বিভিন্ন ট্রেডের প্রশিক্ষকসহ সকল কর্মকর্তা ও কর্মচারী জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত শোক র‌্যালী ও আলোচনা সভায় অংশগ্রহণ করেন। এ দিন বিকালে মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উক্ত দিবসে চুয়াডাংগা জেলার ৩০৯ জন যুবক ও যুবমহিলার মধ্যে মোট ৬২,৮২,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়।

জাতীয় শোক দিবসে চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের অনুষ্ঠানে
যুবঋণের চেক গ্রহণ করছেন একজন যুবমহিলা

ভোলা (চরফ্যাশন) ঃ ১৫ আগস্ট জেলার চরফ্যাশন উপজেলা কার্যালয়ের উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৩৯তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে জাতীয় শোকদিবস উদযাপন ও ঋণদান কমসূচি গ্রহণ করা হয়। চরফ্যাশন উপজেলা প্রশাসন কর্তৃক গৃহিত জাতীয় শোক দিবসের কার্যক্রমের সাথে যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণদান কর্মসূচিও সম্পন্ন হয়। অনুষ্ঠানে ০৯ জন যুবক ও ০৪ জন যুব মহিলার মধ্যে সর্বমোট ৪,৪৭,০০০/- টাকার যুবঋণের চেক বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ রেজাউল করিম। এছাড়াও উপজেলা পর্যায়ের বিভিন্ন বিভাগের কর্মকর্তা, জন প্রতিনিধিবৃন্দ, সাংবাদিকবৃন্দ, উপকারভোগী সদস্যবর্গ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গসহ অফিসের সকল কর্মকর্তা-কর্মচারী শোক সভায় উপস্থিত ছিলেন।

তজুমদ্দিনঃ ১৫ আগস্ট উপজেলা কার্যালয়ের উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৩৯তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে জাতীয় শোকদিবস উদযাপন ও ঋণদান কমসূচি গ্রহণ করা হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ কামরুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ৪ জন যুবক ও ০৫ জন যুবমহিলার মধ্যে ৩,৪০,০০০/- টাকার যুবঋণ বিতরণ করেন।

ব্রাহ্মণবাড়িয়া ঃ ১৫ আগস্ট জাতীয় শোকদিবস উদযাপন উপলক্ষে ব্রাহ্মণবাড়িয়া জেলা/ উপজেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তরের সমন্বয়ে সকাল ১০ টায় শোক র‌্যালী, ১১-টায় উপজেলা মিলনায়তনে আলোচনা সভা, সনদপত্র বিতরণ, বৃক্ষরোপণ, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা ও প্রশিক্ষিত প্রকল্পধারী যুবদের মধ্যে ঋণ বিতরণ করা হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসারসহ উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলার মুক্তিযোদ্ধা কমান্ডার, সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারী, জেলা/ উপজেলা মহিলা আওয়ামীলীগের নেতৃবৃন্দ ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। যুব উন্নয়ন অধিদপ্তর ব্রাহ্মণবাড়িয়া জেলার আওতাধীন ০৯ টি উপজেলা কার্যালয় ও যুব প্রশিক্ষণ কেন্দ্রে বিভিন্ন কর্মসূচি পালনের মধ্য দিয়ে বিনম্র শ্রদ্ধার সাথে দিবসটি পালন করা হয়। দিবসটি পালন উপলক্ষে জেলাধীন ০৯ টি উপজেলার ১৭০ জন যুবক ও যুবমহিলার মধ্যে সর্বমোট ৪৭,৩২,০০০/- টাকার ঋণের চেক বিতরণ করা হয়।

আন্তর্জাতিক যুবদিবস পালন

আন্তর্জাতিক যুবদিবস ২০১৪ পালন অনুষ্ঠানে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার, এম পি
উপমন্ত্রী আরিফ খান জয়, এম পি, স্থায়ী কমিটির সভাপতি মোঃ জাহিদ আহসান রাসেল, এম পি ও অন্যান্য অতিথিবৃন্দ

জাতিসংঘ কর্তৃক নির্ধারিত "Youth and mental health matters". এই প্রতিপাদ্যকে সামনে রেখে **১২ আগস্ট** আন্তর্জাতিক যুবদিবস পালন উপলক্ষে যুব উন্নয়ন অধিদপ্তরের উদ্যোগে প্রধান কার্যালয় এর সম্মেলন কক্ষে বিকাল ৩ টায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী শ্রী বীরেন শিকদার, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপমন্ত্রী আরিফ খান জয়, এমপি এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পকিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মোঃ জাহিদ আহসান রাসেল এম,পি ও যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব, নূর মোহাম্মদ।

সভায় প্রতিপাদ্য বিষয়ে কী নোট পেপার উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের Department of Educational & Counselling Psychology এর ড. অধ্যাপক মেহতাব খানম।

তিনি তাঁর প্রবন্ধে উল্লেখ করেন যে, যুব উন্নয়ন অধিদপ্তর বিভিন্ন ধরনের সচেতনতামূলক উদ্যোগসহ মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে এবং কর্মসংস্থানের উদ্দেশ্যে নানা ধরনের কর্মসূচি বাস্তবায়ন করছে। এদের সত্যিকারভাবে সহায়তা করার জন্য পরিবারের অসুস্থ কিছু চর্চা এবং কুশিক্ষার ইতিবাচক পরিবর্তন আনয়নের লক্ষ্যে নিম্নলিখিত উদ্যোগ গ্রহণ করার প্রতি তিনি গুরুত্ব আরোপ করেন-

ক) যুবদের ব্যক্তিত্বের মধ্যে ইতিবাচক পরিবর্তনের লক্ষ্যে সুস্থ দাম্পত্য জীবনের কৌশল ও সহনুভূতিশীল সুশৃংখল পদ্ধতিতে সন্তান পালন (positive parenting) এর উপর যুব সম্প্রদায়ের জন্য নিয়মিত প্রশিক্ষণ আয়োজন করা,

খ) শিশু-কিশোরের সার্বিক বিকাশের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকার পরিস্কার ব্যাখ্যা এবং তার বাস্তবায়ন নিশ্চিত করা;

গ) বিশেষ করে নৈতিক বিকাশ, স্বাধীন চর্চা ও দায়িত্ব বোধের সম্পর্কটি সবসময় তুলে ধরা;

ঘ) জীবন দক্ষতার উপাদানগুলো অর্জনের প্রতি বিশেষ মনোযোগ স্থাপন ও এ বিষয়ে তাদের জন্য নিয়মিত প্রশিক্ষণ/ কর্মশালার ব্যবস্থা করা;

ঙ) তাদের সুস্থ বিনোদনের ব্যবস্থা করা;

চ) নারী ও শিশুদের প্রতি শ্রদ্ধাশীল হবার জন্য প্রশিক্ষণের নির্দেশনা দেয়া;

ড. মেহতাব খানম আরো বলেন আমাদের যুবসম্প্রদায় পথ ভ্রষ্ট হয়ে পড়লে পুরো জাতিই হুমকির মুখে পড়বে এবং রাষ্ট্রও নানাভাবে ক্ষতির সম্মুখীন হবে। কাজেই আমাদের বেশী মনোযোগী হতে হবে এটির প্রতিরোধের দিকে। শুধু প্রতিকারের দিকে দৃষ্টি নিবদ্ধ থাকলে সুস্থ মানসিক গুনাবলী সম্পন্ন একটি দক্ষ যুব জনগোষ্ঠি তৈরী করা কেবল মাত্র স্বপ্নই থেকে যাবে। তিনি যুবদের মানসিক স্বাস্থ্য ভাল রাখার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের কাউন্সিলিং শাখার সাথে যুব উন্নয়ন অধিদপ্তর কে যৌথভাবে কাজ করার জন্য আহ্বান জানান।

সেমিনারে প্রবন্ধের ওপর আলোচনা করেন আমিনুল ইসলাম খান (যুগ্ম সচিব) শিক্ষা মন্ত্রণালয়, সৈয়দ আলী রেজা উপ-সচিব (যুব) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, পরিচালক (চঃদাঃ), গোলাম মেজবাহ উদ্দিন, ন্যাশনাল ইয়ুথ কাউন্সিল অব বাংলাদেশ এর প্রধান উপদেষ্টা মোঃ জাকির হোসেন এবং কমনওয়েলথ ইয়ুথ ককাস রাহাতুল আশেকীন রাতুল। এছাড়াও আন্তর্জাতিক সংস্থা ও বিভিন্ন ব্যাংকের প্রতিনিধি, প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারী এবং যুব প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

আলোচক মোঃ আমিনুল ইসলাম খান, যুগ্মসচিব, শিক্ষা মন্ত্রণালয় বলেন- শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা কিশোর ও যুবদের প্রজনন স্বাস্থ্যের বিষয়গুলো পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত থাকা সত্বেও লজ্জার কারণে খোলামেলাভাবে পাঠ দানে অনীহা বোধ করেন। ফলে কিশোর ও যুব সম্প্রদায়ের শারীরিক এবং মানবিক বিকাশে সুস্থ চর্চার কাংখিত ফলাফল অর্জন সম্ভব হচ্ছে না। তিনি আরো বলেন, উন্নয়নের ধারণা একটি সামগ্রিক ধারনা, আর তাই যুবদের উন্নয়ন করতে হলে দেশের সামগ্রিক উন্নয়ন ঘটাতে হবে, যুবদের কাজকে মূল্যায়ন করতে হবে এবং তাদের বিকাশের দিকে মনোযোগ দিতে হবে। যুব উন্নয়ন অধিদপ্তর যুব সম্প্রদায়কে প্রশিক্ষণ ও মোটিভেশনের মাধ্যমে সৃজনশীল এবং কর্মোপযোগী জনগোষ্ঠি হিসেবে গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করতে পারে। রাহাতুল আশেকীন রাতুল বলেন সারা বিশ্বে বর্তমানে ২০% যুব মানসিক সমস্যায় ভুগছেন। তাই এ বছর জাতিসংঘ উক্ত বিষয়টিকে প্রতিপাদ্য বিষয় নির্ধারন করেছে। আলোচক ন্যাশনাল ইয়ুথ কাউন্সিল অব বাংলাদেশ এর প্রধান উপদেষ্টা মোঃ জাকির হোসেন মাঠপর্যায়ের যুবদের কথা শোনার ব্যবস্থা ও ন্যাশনাল ইয়ুথ কাউন্সিল গড়ার আহ্বান জানান। পরিচালক (বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন) গোলাম মেজবাহ উদ্দিন স্বাগত বক্তব্যে বলেন, আন্তর্জাতিক যুবদিবস ২০১৪ এ জাতিসংঘ চিহ্নিত ১০টি ক্ষেত্রে-ক্ষুধা, দারিদ্র্য, শিক্ষা, কর্মসংস্থান, স্বাস্থ্য, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, অপরাধ নিয়ন্ত্রণ, যুবদের উন্নয়ন ও পরিবেশ উন্নয়নে যুবদের অংশগ্রহণ নিশ্চিতের পরামর্শ দিয়েছেন।

সৈয়দ আলী রেজা (উপ সচিব) বলেন যুবদের আত্মবিশ্বাসী করে গড়ে তুলতে হলে সমাজে ইতিবাচক পরিবেশ থাকতে হবে। উন্নত কর্মজীবন বোধের সংরক্ষণ থাকাও জরুরী বলে তিনি উল্লেখ করেন। অনুষ্ঠানের বিশেষ অতিথি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব নূর মোহাম্মদ বলেন, সমস্যা মোকাবেলা করেই যুবনেতাদের এগিয়ে যেতে হবে, আমরা তাদের সহযোগিতা করে যাবো।

বিশেষ অতিথি যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি জাহিদ আহসান রাসেল এমপি বলেন যুবসমাজকে নৈতিকতা ও দেশপ্রেমে উদ্বুদ্ধ করতে হবে। তিনি আরো বলেন বাংলাদেশের মোট জনসংখ্যার একতৃতীয়াংশ প্রায় ০৫ কোটি যুব। এদেরকে মানব সম্পদে পরিণত করার জন্য সরকার প্রধান

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সব ধরনের সহযোগিতা দিয়ে যাচ্ছেন। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক যুবদের জন্য আরো ব্যাপক কর্মসূচি গ্রহণ করা প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর উপমন্ত্রী ও বিশেষ অতিথি আরিফ খান জয় এমপি, আলোচনায় বলেন-আমরা সবাই শৈশব কৈশোর যৌবনকাল অতিবাহিত করেছি। প্রতিটি মানুষ শৈশব পেরিয়ে যখন কৈশোরে পদার্পন করে তখন এ সময়টিকে বলা হয় puberty বা বয়ঃসন্ধিকাল। বয়ঃসন্ধিকালে শারীরিক, মানসিক ও জৈবিক পরিবর্তন স্বাভাবিক প্রকৃতির নিয়মে সংঘটিত হয়। প্রত্যেক পরিবারের উচিৎ কৈশোর ও যুব বয়সী সন্তানদের সাথে তাদের শারীরিক ও মানসিক পরিবর্তনের বিষয়গুলো নিয়ে আন্তরিকভাবে খোলামেলা আলাপ করা।
যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর প্রতিমন্ত্রী ও অনুষ্ঠানের প্রধান অতিথি শ্রী বীরেন শিকদার, এমপি বলেন, দেশের বিপুল সংখ্যক যুবদের কর্মক্ষমতাকে কাজে লাগাবার সুযোগ আমাদের রয়েছে, যা পৃথিবীর অনেক দেশে নেই। যুবদের মানসিক স্বাস্থ্য ভাল রাখার জন্য পড়ালেখার পাশাপাশি তাদের মস্তিস্ককে ভালো কাজ দিয়ে ব্যস্ত রাখতে হবে। বর্তমান সরকার ন্যাশনাল সার্ভিস এর মাধ্যমে প্রায় ১(এক) লক্ষ বেকার যুব'র কর্মসংস্থানের ব্যবস্থা করেছে। দেশের সবচেয়ে কর্মক্ষম জনশক্তি যুব উন্নয়ন অধিদপ্তরের হাতে, তাই তিনি এই সুযোগকে কাজে লাগিয়ে ২০২১ সালের মধ্যে একটি সমৃদ্ধ বাংলাদেশ গড়ার প্রত্যয় ব্যক্ত করেন। এ অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের ডিজিটাল বাংলাদেশ গড়ায় সক্রিয় অবদান রাখার আহবান জানান।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে সভাপতির বক্তব্য রাখেন নবাগত মহাপরিচালক আনোয়ারুল করিম। তিনি বলেন আমাদের সকলের কাম্য "An old man with young mind" কিন্তু কখনোই কাম্য নয় A young man with an old mind''।

আন্তর্জাতিক যুবদিবস ২০১৪ পালন উপলক্ষে শহীদ মিনার-এ ফ্রি বার্ডস ক্লাব-এর সাইকেল র‍্যালী

বিভিন্ন জেলায় আন্তর্জাতিক যুবদিবস পালন

আন্তর্জাতিক যুবদিবস উপলক্ষে পিরোজপুরে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখছেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ মানিকহার রহমান।

আর্ন্তজাতিক যুবদিবস উপলক্ষে চুয়াডাঙ্গায় আয়োজিত র‍্যালী

পিরোজপুর ঃ আন্তর্জাতিক যুবদিবস উপলক্ষে যুব প্রশিক্ষণ কেন্দ্রের হলরুমে আলোচনা সভা ও প্রশিক্ষিত যুবদের মধ্যে সনদপত্র বিতরণ কর্মসূচি গ্রহণ করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ মানিকহার রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিরোজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সপন কুমার,সহকারী কমিশনার শিউলী হরি ও জেলা তথ্য অফিসার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডেপুটি কো-অর্ডিনেটর এইচ এম নুরুজ্জামান। আলোচনা সভায় উপরিচালকের কার্যালয়ের সকল কর্মকর্তা /কর্মচারী ও প্রশিক্ষণার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে একজন সফল আত্মকর্মী ও একজন যুব সংগঠক তাদের মূল্যবান বক্তব্য উপস্থাপন করেন। প্রধান অতিথি তার বক্তব্যে দিবসের প্রতিপাদ্য বিষয়ের তাৎপর্য সম্পর্কে বক্তব্য পেশ করেন এবং যুবদেরকে উন্নত বিশ্বের যুবদের মত দক্ষ ও দেশ প্রেমে উদ্বুদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানিয়ে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন।

চুয়াডাংগা ঃ ১২ আগস্ট যথাযোগ্য মর্যাদায় আর্ন্তজাতিক যুবদিবস পালন করা হয়। সকাল ৯-৩০ মিঃ প্রশিক্ষণার্থী, যুব সংগঠনের প্রতিনিধি, আত্মকর্মী যুবক, স্থানীয় গণ্যমাণ্য ব্যক্তি ও সরকারি কর্মকর্তাদের অংশগ্রহণে যুব র‍্যালী জেলা কার্যালয় হতে শুরু হয়ে সরকারি কলেজ প্রদক্ষিণ শেষে বেলা ১০-৩০ মিঃ জেলা সাহিত্য পরিষদে শেষ হয়। দিবসের এবারের প্রতিপাদ্য বিষয়" Youth and mental health'' এর উপর একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মোঃ রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ কোহিনুর ইসলাম, উপ-পরিচালক সমাজ সেবা মোঃ আতিয়ার রহমান এবং যুব সংগঠনের প্রতিনিধিবৃন্দ। অনুষ্ঠানে কী নোট পেপার উপস্থাপন করেন যুব পুরস্কারপ্রাপ্ত যুবমহিলা। নির্দেশনা মূলক বক্তব্য উপস্থাপন করে অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপ-পরিচালক (চঃদাঃ) মোঃ জাহিদুল ইসলাম।

সিলেটঃ "যুবদের মানসিক বিকাশ, Youth and Mental Health matters'' প্রতিপাদ্য বিষয় নিয়ে ১২ আগস্ট সিলেট জেলার সিটি কর্পোরেশন মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিটি কর্পোরেশন এর মেয়র আরিফুল হক চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন জাতীয় যুবপদকপ্রাপ্ত যুবক নাসির সূজা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপপরিচালক (চঃদা) মোহাম্মদ আমির আযম খান। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন যুব সমাজের সমস্যা বিশেষতঃ বেকার সমস্যা নিরসন তথা সিলেটকে কিভাবে একটি সুন্দর ও আধুনিক শহর হিসেবে গড়ে তোলা যায় সে বিষয়ে তিনি শীঘ্রই সিলেট জেলার সফল আত্মকর্মী, জাতীয় যুব পুরস্কারপ্রাপ্ত যুববৃন্দ এবং যুব সংগঠকদের সাথে আলোচনায় বসবেন। প্রধান অতিথি সিলেট শহর ময়লা ও আবর্জনামুক্ত রাখতে যুবদের প্রতি আহ্বান জানান, কেননা পরিস্কার ও পরিচ্ছন্নতা সামাজিক পরিবেশ এবং মানসিক স্বাস্থ্য বিকাশে গুরুত্বপূর্ণ অবদান রাখে। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন সিলেট উন্নয়ন সংস্থার সাধারণ সম্পাদক এহছানুল করিম মিশু, সিলেট বিভাগীয় যুব সংগঠক ফোরামের সাধারণ সম্পাদক শেখ তোফায়েল আহমেদ সেপুল এবং সাধারণ সম্পাদক জাতীয় প্রশিক্ষিত যুব সংসদ আফিকুর রহমান আফিক। অনুষ্ঠানে উপরিচালকের কার্যালয়ের সকল কর্মকর্তা /কর্মচারী ও প্রশিক্ষণার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

কুড়িগ্রামঃ অলোচনাসভা, বৃক্ষরোপন ও ক্যাম্পাস পরিস্কার পরিচ্ছন্নতার মাধ্যমে কুড়িগ্রাম জেলায় আর্ন্তজাতিক যুবদিবস পালন করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ ইমতিয়াজ হোসেন প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত থেকে দিবসের শুভ উদ্বোধন করেন। সভাপতিত্ব করেন উপ-পরিচালক (চঃদাঃ) মোঃ হামিদুর রহমান। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন যুবদের কাজের ক্ষেত্র তৈরী করে দেওয়ার জন্য যুব উন্নয়ন অধিদপ্তর কাজ করে যাচ্ছে, কিন্তু যুবদেরকে সময়ের সদব্যবহার করতে হবে। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি যুব ভবনের আঙ্গিনায় ফলজ গাছের (কাঠাঁল) চারা রোপন করেন। পরবর্তীতে অংশগ্রহণকারীদের নিয়ে যুবভবনের ক্যাম্পাসে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করেন।

প্রধান অতিথি কুড়িগ্রামের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ ইমতিয়াজ হোসেন বক্তব্য রাখছেন

রাংগামাটিঃ রাংগামাটি পার্বত্য জেলা কার্যালয়ের উদ্যোগে ১২ আগস্ট আর্ন্তজাতিক যুবদিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। যুব প্রশিক্ষণ কেন্দ্রের হলরুমে দিবসের প্রতিপাদ্য বিষয় “Youth and mental health matters” এর উপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাংগামাটি পাবর্ত্য জেলা পরিষদের সদস্য অভিলাষ তনচংগা। উপপরিচালক (চঃদাঃ) মোঃ হাবিবউল্যার সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সিনিয়র প্রশিক্ষক মোঃ আব্দুল খালেক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব প্রশিক্ষণ কেন্দ্রের ডেপুটি কো-অর্ডিনেটর (ভাঃ) বিপুল চাকমা। এছাড়াও প্রশিক্ষণার্থী, সেচ্ছাসেবী বেসরকারি যুব সংগঠনের প্রতিনিধিবৃন্দ সভায় বক্তব্য রাখেন।

খুলনা ঃ খুলনা জেলা কার্যালয়ের উদ্যোগে ১২ আগস্ট যথাযোগ্য মর্যাদায় আর্ন্তজাতিক যুবদিবস পালন করা হয়। বিভিন্ন কর্মসূচির মধ্যে যুবর‌্যালী, বৃক্ষরোপন ও পরিস্কার পরিচ্ছন্নতা ছিল উলেখযোগ্য। যুব র‌্যালীতে জেলা কার্যালয়ের উপপরিচালকসহ সকল কর্মকর্তা/ কর্মচারী ও প্রশিক্ষণার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। র‌্যালী শেষে উপ-পরিচালক অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে আর্ন্তজাতিক যুব দিবসের এবারের প্রতিপাদ্য বিষয় “Youth and mental health matters’’ এবং দিবসের তাৎপর্য তুলে ধরে যুবদের করণীয় সম্পর্কে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন।এছাড়াও র‌্যালী শেষে উপ-পরিচালক মোঃ মনিরুল ইসলাম যুব ভবনের আঙ্গিনায় ০২ টি গাছের চারা রোপন শেষে প্রশিক্ষণার্থীসহ পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান সফল ভাবে সমাপ্ত করেন।

আন্তর্জাতিক যুবদিবস উপলক্ষে খুলনায় আয়োজিত র‌্যালী

জয়পুরহাট ঃ আন্তর্জাতিক যুবদিবস উপলক্ষে জেলা কার্যালয়ে আলোচনা সভা ও প্রশিক্ষিত যুবদের মাঝে সনদপত্র বিতরণ কর্মসূচি গ্রহণ করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রশাসক, জেলা পরিষদ ও সাধারন সম্পাদক বাংলাদেশ আওয়ামীলীগ এস এম সোলায়মান আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জাকির হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপপরিচালক (ভারপ্রাপ্ত) তোছাদ্দেক আলী। আলোচনা সভায় উপরিচালকের কার্যালয়ের সকল কর্মকর্তা/ কর্মচারী ও প্রশিক্ষণাথীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রধান অতিথি তার বক্তব্যে দিবসের প্রতিপাদ্য বিষয়ের তাৎপর্য তুলে ধরে ক্ষুধা, দারিদ্রমুক্ত, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে যুবদের উদ্দেশ্যে গঠনমূলক বক্তব্য প্রদান শেষে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন।

বি,সি,এস ক্যাডার অফিসারদের সাথে মতবিনিময় সভা

বি,সি,এস ক্যাডার অফিসারদের সাথে পরিচালক (প্রশাসন ও অর্থ)

যুব ভবনের সম্মেলন কক্ষে ১৭ জুলাই আগত ০৮ জন বিসিএস ক্যাডার অফিসারের সাথে মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের সার্বিক কার্যক্রম পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পরিচালক (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ শফিকুল করিম। আরো উপস্থিত ছিলেন পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) এরশাদ উর-রশীদ এবং পরিচালক (চঃদাঃ) বাস্তবায়ন, যুব সংগঠন ও মনিটরিং গোলাম মেজবাহ উদ্দিন। বিভিন্ন প্রকল্পের গুরুত্ব তুলে ধরেন সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকবৃন্দ।
যুব উন্নয়ন অধিদপ্তরের সার্বিক কার্যক্রম তুলে ধরেন উপ-পরিচালক (প্রশাসন) (চঃদাঃ) এস,এম ফায়েক উজ্জামান, উপ-পরিচালক (প্রশিক্ষণ) মাসুদা আখন্দ ও সহকারী পরিচালকবৃন্দ। অতিথি কর্মকর্তাগণ দক্ষ জনশক্তি রপ্তানীতে যুব উন্নয়ন অধিদপ্তরের ভূমিকা জানতে চান এবং অদক্ষ জনশক্তি যেন বিদেশে যেতে না পারে সে দিকে দৃষ্টি দেয়ার অনুরোধ জানান। এ প্রসংগে উপপরিচালক মাসুদা আখন্দ বলেন বাংলাদেশ হতে বিদেশে কর্মসংস্থান এর লক্ষ্যে বর্তমানে যুব উন্নয়ন অধিদপ্তর যুগোপযোগী নতুন নতুন প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করেছে, যেমন -সোলার প্যানেল টেকনিশিয়ান, মোবাইল সার্ভিসিং, মিট প্রসেসিং, বিউটিপার্লার, হাউজকিপিং ইত্যাদি।
অংশগ্রহণকারীদের পক্ষ থেকে ঋণ ব্যবহার করে স্বাবলম্বীতার হার সর্ম্পকে চানতে চাইলে এ সর্ম্পকিত উত্তর প্রদান করেন পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) মোঃ এরশাদ-উর-রশীদ। পরিচালক (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ শফিকুল করিম অংশগ্রহণকারীদের কাছে তাদের নিজ নিজ কর্মক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তরের জন্য সহযোগিতা কামনা করেন। চমৎকার উপস্থাপনার জন্য অতিথিগণ যুব উন্নয়ন অধিদপ্তরকে ধন্যবাদ জানান।

যুব মতবিনিময় সভা ও কর্মশালা

যুব মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন চাঁদপুরের জেলা প্রশাসক মোঃ ইসমাইল হোসেন

চাঁদপুর ঃ ১২ আগস্ট চাঁদপুর জেলা কার্যালয়ের প্রশাসনিক ভবনের নীচতলায় যুব মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন উপ-পরিচালক (অঃ দাঃ) মোঃ জহিরুল হক। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোঃ ইসমাইল হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব প্রশিক্ষণ কেন্দ্রের ডেপুটি প্রোগ্রাম কো অর্ডিনেটর মোঃ মোজাম্মেল হক খান, জেলা তথ্য কর্মকর্তা মোঃ আরিফ সাদিক। এছাড়াও জেলা কার্যালয়ের সকল কর্মকর্তা, প্রশিক্ষিত যুবক ও যুবমহিলা, সফল আত্মকর্মী, যুব সংগঠকগণ সভায় উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, যুবদের কাজে লাগালে তারা কোন অপরাধমূলক কাজে জড়াবে না। অপরাধমূলক কাজ বন্ধ করতে হলে আত্মকর্মসংস্থান সৃষ্টি করতে হবে। এটা সরকার বা প্রশাসনের একার কাজ নয়, একাজে সামাজিকভাবে সকলকে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথিবৃন্দসহ উপস্থিত প্রশিক্ষিত যুব ও যুব সংগঠনের নেতৃবৃন্দও তাদের সুন্দর ও সাবলীল বক্তব্য উপস্থাপন করেন।

পঞ্চগড়ঃ ২৯ মে "উত্তর বঙ্গের ০৭ টি জেলায় বেকার যুবদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি" শীর্ষক প্রকল্পের আওতায় প্রকল্পের কার্যক্রম অবহিতকরণ এবং বাস্তবায়নের প্রতিবন্ধকতা চিহ্নিতকরণসহ সমাধানের কৌশল নির্ধারণ বিষয়ে এক কর্মশালা এবং যুব মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। জেলাধীন ০৫ টি উপজেলা থেকে মোট ৩৮ জন গ্রুপ লিডার, সংশিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও ক্রেডিট সুপারভাইজারগণ, জেলা কার্যালয় ও যুব প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা/ কর্মচারীবৃন্দসহ বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণার্থী, আত্মকর্মী, তালিকাভুক্ত যুব সংগঠনের প্রতিনিধিগণ এবং জেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ কর্মশালায় অংশগ্রহণ করেন। প্রকল্প পরিচালক নজরুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ সালাহ উদ্দিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আনোয়ার সাদাত সম্রাট এবং উপ-পরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মোঃ নজরুল ইসলাম ।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন যুব উন্নয়ন অধিদপ্তর দেশের লক্ষ লক্ষ বেকার যুবকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দিয়ে প্রকল্প গ্রহণের জন্য ঋণ দিয়ে যাচ্ছে, পাশাপাশি যুব সংগঠনগুলোকে কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রকল্পভিত্তিক অনুদান প্রদান করছে যা সত্যই প্রশংসনীয়। তিনি এ ধারা অব্যাহত রেখে যুগোপযোগী নতুন নতুন প্রশিক্ষণ প্রদান, তথ্যপ্রযুক্তির সাথে মিল রেখে আরও বিভিন্ন ধরণের প্রশিক্ষণ কোর্স চালুর উদ্যোগ গ্রহণ ও আউটসোর্সিং বিষয়ে লক্ষ্য রাখার আহ্বান জানান এবং অবহেলিত উত্তরবঙ্গে সময়োপযোগী কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প চালু করায় যুব উন্নয়ন অধিদপ্তরকে ধন্যবাদ দেন। কর্মশালার কর্ম অধিবেশনের শুরুতেই বিষয়বস্তুর উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রকল্প পরিচালক মোঃ নজরুল ইসলাম। পরবর্তীতে গ্রুপ লিডার, কেন্দ্র লিডার, যুব সংগঠনের প্রতিনিধিগণ, জেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মতামত ব্যক্ত করেন। সহকারী পরিচালক আব্দুর রউফ শাহ এবং উপপরিচালক (চঃদা) মোঃ আবুল হোসেন অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

সাভারে গোলাপ ফুল চাষ বিষয়ক প্রশিক্ষণ এর সার্টিফিকেট বিতরণ

প্রধান অতিথি সংসদ সদস্য ঢাকা-১৯ ডাঃ এনামুর রহমান এর উপস্থিতিতে বিশেষ অতিথি সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ কফিল উদ্দিন গোলাপ ফুল চাষ বিষয়ক প্রশিক্ষণের সনদপত্র বিতরণ করছেন

২২ জুলাই সাভারে ২০ জন যুবক ও যুবমহিলার মাঝে গোলাপ ফুল চাষ বিষয়ক প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সার্টিফিকেট বিতরণ করেন ঢাকা-১৯ এর সংসদ সদস্য ডাঃ এনামুর রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ কফিল উদ্দিন ও ঢাকা জেলার উপপরিচালক এ,কেএম কায়সার আলী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাভারের উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ কামরুল হাসান মোল্যা। উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মোঃ মাইনুদ্দিন এর সহয়তায় অনুষ্ঠানটি পরিচালনা করেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নাসরিন বেগম।

যুব সংগঠন কর্তৃক দৃষ্টি প্রতিবন্ধীদের সাদা ছড়ি ও ইফতার বিতরণ

২৪ জুলাই ঢাকা ইয়ুথ সার্কেল ওয়েল ফেয়ার অর্গানাইজেশন এর উদ্যোগে দৃষ্টি প্রতিবন্ধীদেরকে সাদাছড়ি ও ইফতার বিতরণ করা হয়। উক্ত কর্মসূচিতে ২০ জন প্রতিবন্ধীর চলার পথে সহযোগিতা করার জন্য ২০ টি সাদা ছড়ি প্রদান করা হয়। সংগঠনের সভাপতি মোহাম্মদ আরজু হোসেন সহ সকল সদস্য অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ঢাকা ইয়ুথ সার্কেল ওয়েল ফেয়ার অর্গানাইজেশন এর উদ্যোগে
২০ জন প্রতিবন্ধীকে ২০ টি সাদা ছড়ি প্রদান করা হয়

যুব ভবনের সম্মেলন কক্ষে মতবিনিময় ও পরিচয় পর্ব সভা অনুষ্ঠিত

১৩ আগস্ট সকাল ১০-৩০ মিঃ প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে নবাগত মহাপরিচালক আনোয়ারুল করিম অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের সাথে পরিচিত হয়ে মতবিনিময় করেন। পরিচালক (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ শফিকুল করিম অধিদপ্তরের জনবল কাঠামো তুলে ধরে সার্বিক বিষয় উপস্থাপন করেন। নবাগত মহাপরিচালক বলেন সম্মিলিতভাবে কাজ করলে সফল হওয়া সম্ভব। তিনি সকলের সহযোগিতা চান এবং নিজেকে যুব উন্নয়ন অধিদপ্তরের একজন বলে উল্লেখ করেন।

যোগদান ঃ

আনোয়ারুল করিম (প্রশাসন ক্যাডারের অতিরিক্ত সচিব) ১২ আগস্ট ২০১৪, মহাপরিচালক পদে যোগদান করেন। ইতোপূর্বে তিনি বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের চেয়ারম্যান পদে দায়িত্ব পালন করেন।

বিদায় সম্বর্ধনা

৭ সেপ্টেম্বর প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে ১১টি যুব প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক মোঃ নবীরুল ইসলাম এর বিদায় সম্বর্ধনার আয়োজন করা হয়। মহাপরিচালক আনোয়ারুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিদায়ী কর্মকর্তার কর্মময় সময়ের স্মৃতিচারণ করেন অত্র অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ। সবশেষে মহাপরিচালক বিদায়ী অতিথির মঙ্গল কামনা করে ভবিষ্যতে প্রয়োজনীয় ক্ষেত্রে তার সহযোগিতা কামনা করেন। বিদায়ী কর্মকর্তা তার আবেগময় বক্তব্যে যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের জন্য কিছু পরামর্শ রাখেন।

সফল আত্মকর্মীর কাহিনী

হাসিনা মুক্তা

স্বামী ঃ মৃত মোঃ রাশেদ সারোয়ার, মাতা ঃ শাহিদা বেগম
২২/৬/২ উত্তর গোলাপবাগ, যাত্রাবাড়ী, ঢাকা-১২০৩

এক সময়ের দিশেহারা যুবমহিলা-হাসিনা মুক্তা আজ সফল নারী উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠা পেয়েছে, পেয়েছে সামাজিক স্বীকৃতি। ১৯৯৮ সালে হাসিনা মুক্তা যুব উন্নয়ন অধিদপ্তর থেকে পোষাক তৈরী ও ব্লক-বাটিক বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। অতঃপর তিনি বেকার যুবমহিলাদের কর্মদক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে একটি আত্মনির্ভশীল প্রশিক্ষিত যুবসমাজ গঠনের দৃঢ়প্রত্যয় নিয়ে কাজ করতে থাকেন। এরই মধ্যে এইচএসসি পাশ করার পর ১৯৯৯ সালে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। স্বামীর সংসারে এসে স্বামীর উৎসাহে তাঁর কর্মোদ্যোগ আরো অনেকগুণ বেড়ে যায়। ২০০৯ সালে মুক্তার স্বামী অকালে মৃত্যুবরণ করলে ২ কন্যা সন্তানসহ মুক্তার জীবনে নেমে আসে অন্ধকার। কিন্তু আলোকবর্তিকা হয়ে জীবন সংগ্রামে সঠিক পথ দেখাতে কাজে লাগে শখ করে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে নেয়া প্রশিক্ষণগুলো। মাধ্যমিক থেকে স্নাতকোত্তর পর্যন্ত প্রতিটি পরীক্ষায় প্রথম বিভাগে পাশ করেও চাকুরীর জন্য দ্বারে দ্বারে না ঘুরে নিজেই কিছু করার চিন্তা করেন। তিনি আত্মবিশ্বাস নিয়ে প্রতিষ্ঠা করেন নতুনত্ব বুটিক ও হস্তশিল্প নামে পণ্য তৈরি, বিক্রয় এবং প্রশিক্ষণ কেন্দ্র। তাঁর কার্যক্রমের প্রাথমিক মূলধন ছিল ৫০,০০০/- টাকা। বর্তমানে তাঁর প্রকল্পের মূলধন প্রায় ১৮,৫০,০০০/- টাকায় উন্নীত হয়েছে। তাঁর মাসিক গড় আয় প্রায় ৯০,০০০/- টাকা। হাসিনা মুক্তা একজন সফল নারী উদ্যোক্তা হিসেবে বিভিন্ন জাতীয় পুরস্কারে ভূষিত। সফল নারী হিসেবে টেলিভিশন চ্যানেল বক্তব্য রাখেন। হাসিনা মুক্তা একজন সফল আত্মকর্মী। পাশাপাশি অন্যান্য বেকার যুবদের প্রশিক্ষণ দিয়ে আত্মকর্মসংস্থানে নিয়োজিত করা তাঁর বর্তমান ও ভবিষ্যৎ পরিকল্পনা।

যুব পরিবারের সাফল্য কথা

সাফিনাজ ফাইরুজ্জামান (প্রিমা)ঃ
২০১৪ সালে অনুষ্ঠিত এইচ,এস,সি পরীক্ষায় ঢাকা কমার্স কলেজ থেকে অংশগ্রহণ করে জিপিএ-৫ পেয়েছে। সে যুব উন্নয়ন অধিদপ্তর প্রধান কার্যালয়ের প্রশাসন শাখায় কর্মরত সহকারী পরিচালক (প্রশাসন-১) মোঃ আতিকুজ্জামান খান ও মোসাম্মদ লুৎফন্নেছা বেগম এর কন্যা। প্রিমা সকলের দোয়াপ্রার্থী।

সানজিদা শারমিন গোধুলীঃ
২০১৩ সালে অনুষ্ঠিত জুনিয়র বৃত্তি পরীক্ষায় মেধা ক্রমানুসারে ৩য় স্থান অধিকার করেছে। সে কুমিলাস্থ হোমনা উপজেলায় খাদিজা মেমোরিয়াল বালিকা উচ্চ বিদ্যালয়ের ৯ম শ্রেনীর ছাত্রী। সে যুব উন্নয়ন অধিদপ্তর বরিশাল জেলায় কর্মরত উপরিচালক (চঃদাঃ) মোঃ সামছুজ্জামান এবং হোমনাস্থ খাদিজা মেমোরিয়াল বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষিকা মিসেস কামরুন নাহার এর কন্যা।

হে যুবক...

ওহে যুবক, কতটা সময় হয়েছে পার
অবহেলায় ও নিষ্কর্মে ?
এই তারুণ্যের উদ্দীপ্ত ধুমে
এখনো কাটছে প্রহর তোমার আলস্য ঘুমে !
আর কতকাল? ভাঙ্গবে কিনা এ ঘুম ?
কত কাজ রয়েছে সামনে পড়ে
জাগাও বিবেক বাস্তবতার সাথে লড়ে ;
অঙ্কিত কর তোমার কপালে সাফল্যেরই চুম।
কর্মে তোমার নেই স্পৃহা ,
আলসেমির অক্টোপাস
জড়িয়েছে তোমার চারপাশ ;
আজ নয়, কাল, এভাবে কত সময় করেছো পার
আরও সময় রয়েছে বাকি, এ প্রলোভনে কর্মে ফাঁকি
দেবে কত আর ?
বেকারত্বের পরোয়ানা ঘুরছে তোমার দ্বারে
এর পরেও কি তুমি জাগবেনা ! জাগাবেনা তোমার চেতনা ?
আজ ভেঙ্গে ফেল তোমার আলসেমির শৃঙ্খল - ছড়িয়ে দাও কর্মের উত্তাপ
জানিয়ে দাও এ ধরণীকে যে, যুবক কভু না হারে।

মোঃ আনোয়ার পাশা খান
সিনিয়র প্রশিক্ষক, যুব উন্নয়ন অধিদপ্তর, বরিশাল।

যুব তথ্য কণিকা

নং	কর্মকাণ্ডের বিষয়	শুরু থেকে জুন ২০১৪ পর্যন্ত	জানুয়ারি ২০০৯-জুন ২০১৪	জুলাই- সেপ্টেম্বর ২০১৪
০১.	বেকার যুবদের প্রশিক্ষণ	৪২,৩৭,৪৬২ জন	১১,৪২,৫১৩ জন	৫০,৫৭৬ জন
০২.	প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থান	২০,০৩,৫২৮ জন	৩,২৩,৮৬৫ জন	১০,৪৪০ জন
০৩.	ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় প্রশিক্ষণ প্রদান	৭১,৩১৬ জন	৭১,৩১৬ জন	- জন
০৪.	ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় কর্মসংস্থান সৃষ্টি	৭০,৫২১ জন	৭০,৫২১ জন	- জন
০৫.	ক্ষুদ্র ঋণ বিতরণের পরিমাণ	১২৫৯১৫.০৭ লক্ষ টাকা	৪২৪৬৬.২৪ লক্ষ টাকা	২৯২৩.৪০ লক্ষ টাকা
০৬.	ক্ষুদ্র ঋণ গ্রহণকারীর সংখ্যা	৮,১৩,৮৯৭ জন	১,১৩,৫৮৫ জন	৯৯৯৫ জন
০৭.	তালিকাভুক্ত যুব সংগঠনের সংখ্যা	১৬৭৪৩ টি	৯৮৭৫ টি	৯৮ টি